# বেসিক ব্যাংক লিমিটেড

শতভাগ রাষ্ট্র মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক

**বংশাল শাখা, ঢাকা।**

(অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ৩৩(৫) ধারার সার্টিফিকেট বলে অর্জিত সম্পত্তি বিক্রয়ের নিমিত্তে)

## নিলাম দরপত্র বিজ্ঞপ্তি

এতদ্বারা প্রকৃত ক্রেতা ও সর্বসাধারনের অবগতির জন্য জানানো যাইতেছে যে, **বেসিক ব্যাংক লিমিটেড, বংশাল শাখা, ঢাকা** এর ঋণ গ্রহিতা/বিবাদী/দায়িকগন যথাক্রমেঃ **০১. মেসার্স নাসিম প্লাস্টিক ইন্ডাস্ট্রিজ লিমিটেড** প্রতিনিধিত্বে উহার বর্তমান ব্যবস্থাপনা পরিচালক জনাব ইকবাল আলী খান, পিতা-মৃত ইরসাদ আলী খান। ঠিকানাঃ অফিস- ৬/১, নর্থ সাউথ রোড, সিদ্দিক বাজার, বংশাল, ঢাকা-১০০০ এবং কারখানা- গ্রাম- বাজবি, পোঃ দুপতারা, থানা- আড়াইহাজার, জেলা- নারায়ণগঞ্জ। ০২. জনাব শহিদ আলী খান, পিতা-মৃত ইরসাদ আলী খান, চেয়ারম্যান, মেসার্স নাসিম প্লাস্টিক ইন্ডাস্ট্রিজ লিমিটেড, ঠিকানাঃ ৬/১, নর্থ সাউথ রোড, সিদ্দিক বাজার, বংশাল, ঢাকা-১০০০। ০৩. জনাব রশিদ আলী খান, পরিচালক মৃত্যুবরণ করায় তার ওয়ারিশ যথাক্রমে- (ক) সীমা রশিদ (স্ত্রী), (খ) শহিদ আলী খান (ভাই), (গ) নাসির আলী খান (ভাই) (ঘ) ইকবাল আলী খান (ভাই) (ঙ) কাশিফ আলী খান, মেসার্স নাসিম প্লাস্টিক ইন্ডাস্ট্রিজ লিমিটেড। ঠিকানাঃ ৬/১, নর্থ সাউথ রোড, সিদ্দিক বাজার, বংশাল, ঢাকা-১০০০ এবং ৭৩, শান্তিনগর পূর্ব, ঢাকা-১২১৭ এবং প্লট নং-৪, রোড নং-২, ব্লক-জি, সেকশন-১, মিরপুর ঢাকা। ০৪. জনাব নাসির আলী খান, পিতা-মৃত ইরসাদ আলী খান, পরিচালক, মেসার্স নাসিম প্লাস্টিক ইন্ডাস্ট্রিজ লিমিটেড। ঠিকানাঃ ৬/১, নর্থ সাউথ রোড, সিদ্দিক বাজার, বংশাল, ঢাকা-১০০০ এবং ৭৩, শান্তিনগর পূর্ব, ঢাকা-১২১৭ এবং প্লট নং-৪, রোড নং-২, ব্লক-জি, সেকশন-১, মিরপুর ঢাকা। ০৫. জনাব কাশিফ আলী খান, পিতা-মৃত ইরসাদ আলী খান, পরিচালক, মেসার্স নাসিম প্লাস্টিক ইন্ডাস্ট্রিজ লিমিটেড। ঠিকানাঃ ৬/১, নর্থ সাউথ রোড, সিদ্দিক বাজার, বংশাল, ঢাকা-১০০০ এবং ৭৩, শান্তিনগর পূর্ব, ঢাকা-১২১৭ এবং প্লট নং-৪, রোড নং-২, ব্লক-জি, সেকশন-১, মিরপুর ঢাকা। এদের বিরুদ্ধে ডিক্রীদার ব্যাংক অর্থজারী মোকদ্দমা নং ১৫৪/২০২২, তারিখ-০৫.১২.২০২২ দায়ের করিয়া অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ৩৩ (৫) ধারার বিধান মোতাবেক ডিক্রীদার ব্যাংকের পাওনা টাকা **৫২,৭৯,২৭,২৭৯.০০ (বায়ান্ন কোটি উনআশি লক্ষ সাতাশ হাজার দুইশত উনআশি টাকা)** মাত্র (৩০-০১-২০২৪ তারিখ পর্যন্ত) এবং উক্ত টাকা আদায় হওয়া কালতক পর্যন্ত সময়ের জন্য ডিক্রীকৃত টাকার উপর ১২% বার্ষিক সরল হার সুদ পরিশোধ না হওয়া পর্যন্ত দায়িক পক্ষের স্বত্ব দখলীয় নিম্ন তফসিলভুক্ত সম্পত্তি দখলভোগের/বিক্রয়ের অধিকার লাভ করেন এবং বিগত ০২.০৯.২০২৪ ইং তারিখে বিজ্ঞ জজ অর্থঋণ আদালত, নারায়ণগঞ্জ ডিক্রীদার-ব্যাংকের বরাবরে একখানা সার্টিফিকেট প্রদান করেন। ফলে ডিক্রীদার-ব্যাংক কর্তৃক পাওনা ডিক্রীকৃত টাকা এবং নিলামকাল পর্যন্ত সুদ ও আনুষঙ্গিক খরচ আদায়ের লক্ষ্যে নিম্ন তফসিল সম্পত্তি নিলামে বিক্রয়ের নিমিত্তে আগ্রহী ক্রেতাগনের নিকট হইতে নিম্ন লিখিত শর্ত সাপেক্ষে দরপত্র আহবান করা যাইতেছে। **আগামী ১০/০৮/২০২৫ ইং** তারিখ বেলা ০৩.০০ (তিন) ঘটিকার মধ্যে ব্যাংকের বংশাল শাখায় রক্ষিত বাক্সে সরাসরি কিংবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে দরপত্র জমা করিতে হইবে। দরপত্র অবশ্যই শর্তমুক্ত হইতে হইবে।

### -শর্তাবলী-

১. প্রত্যেক দরপত্র উক্ত বিজ্ঞপ্তি সহকারে তাহাদের নিজস্ব প্যাডে অথবা সাদা কাগজে স্পষ্ট অক্ষরে তাহাদের নাম, ঠিকানা, টেলিফোন নম্বর (যদি থাকে), টেন্ডার মুল্য অংকে ও কথায় (প্রত্যেকটি তফসিলের জন্য একই দরপত্রে পৃথক ভাবে দরমুল্য লিখিতে হইবে) লিখিয়া এবং দরপত্র সীল মোহরকৃত খামে এবং খামের উপর স্পষ্ট অক্ষরে "সম্পত্তি ক্রয়ের দরপত্র" লিখিয়া দাখিল করিতে হইবে।

২. দরপত্র অপরাহ্ণ ০৩.০০ ঘটিকার মধ্যে বেসিক ব্যাংক লিমিটেড, বংশাল শাখা, ঢাকায় রক্ষিত দরপত্র বাক্সে সরাসরি কিংবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে জমা দিতে হইবে। উক্ত দিবসেই অপরাহ্ণ ০৩.১৫ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেউ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হইবে। রেজিস্ট্রি ডাকযোগে প্রেরনের ক্ষেত্রে তাহা অবশ্যই উক্ত নির্ধারিত সময়ের মধ্যে পৌছাইতে হইবে।

৩. দরপত্র দাখিল করিবার সময় প্রযোজ্য আর্নেস্ট মানি (অগ্রিম মুল্য) ও মুল্য পরিশোধের সময়সীমা নিম্নোক্ত ছকে দেওয়া হইল। সময়সীমার মধ্যে সমুদয় অর্থ পরিশোধে ব্যর্থ হলে ব্যাংক উক্ত জামানতের টাকা বাজেয়াপ্ত করিতে পারিবে।

| আর্নেস্ট মানি/জামানতের পরিমান | অবশিষ্ট মুল্য পরিশোধের সময়সীমা |
|---|---|
| ক) উদ্বৃত দর ১০.০০ লক্ষ টাকা পর্যন্ত দরপত্র মুল্যের ২০% হারে। | দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৩০ দিবসের মধ্যে। |
| খ) উদ্বৃত দর ১০.০১ লক্ষ টাকা হইতে ৫০.০০ লক্ষ টাকা পর্যন্ত দরপত্র মুল্যের ১৫% হারে। | দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৬০ দিবসের মধ্যে। |
| গ) উদ্বৃত দর ৫০.০০ লক্ষ টাকার অধিক হইলে দরপত্র মুল্যের ১০% হারে। | দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৯০ দিবসের মধ্যে। |

৪. দরপত্রে প্রদত্ত মুল্য অস্বাভাবিক ভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে বা নিম্নোক্ত যে কোন একটি তফসিলের আংশিক সম্পত্তির ক্রয়ের জন্য দরপত্র দাখিল করিলে বা কম জামানত বা ত্রুটিপুর্ণ দরপত্র দাখিল করিলে তাহা সরাসরি বাতিল বলিয়া গণ্য হইবে।

৫. উপরে বর্ণিত ৩ নং শর্তের অধীনে প্রথম সর্বোচ্চ দরদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক দ্বিতীয় সর্বোচ্চ দরদাতাকে সম্পত্তি ক্রয়ে আহবান করিতে পারিবেন।

৬. সফল দরদাতাকে নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তির রেজিস্ট্রেশন সংক্রান্ত যাবতীয় খরচ এবং উহার উপর কোন সরকারী, আধা-সরকারী, স্বায়ত্তসাশিত প্রতিষ্ঠানের যথা পৌরসভা, ওয়াসা, পিডিবি, পানি, বিদ্যুৎ, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান, ভুমিকর ইত্যাদি সহ যে কোন বিল বা পাওনা বা দাবী বা বিবিধ খরচ থাকিলে তাহা দরদাতাকে বহন করিতে হইবে।

৭. নিলামে অংশ গ্রহনে ইচ্ছুক আগ্রহী ক্রেতাগণ বিস্তারিত জানার জন্য ব্যাংকের সংশ্লিষ্ট শাখায় অফিস চলাকালীন সময়ে যোগাযোগ করিতে পারিবেন।

৮. কোন কারন দর্শানো ব্যতিরেকে যে কোন বা সকল দরপত্র বাতিল করিবার অধিকার ব্যাংক সংরক্ষন করে বটে।

### নিলাম বিক্রয়যোগ্য সম্পত্তির তফসিল

**জেলা- নারায়ণগঞ্জ, থানা ও সাব-রেজিস্ট্রি অফিস- আড়াইহাজার অধীন দুপ্তারা ইউনিয়নের অন্তর্গত - সি.এস ও এস.এ- ১৫৫, আর,এস- ১৩ নং মৌজা বাজরী "স্থিত",**

| ক্রমিক নং | খতিয়ান নং | | | দাগ নং | | সম্পত্তির পরিমান (শতাংশ) |
|---|---|---|---|---|---|---|
| | সি.এস | এস.এ | আর.এস | সি.এস.এস.এ | আর.এস | |
| ১ | ১১৬ | ১৪১ | ৭২ | ৬২৩ | ৯৬৬ | ১৮.০০ |
| | | | | | ৯৬৭ | ১৮.০০ |
| | | | | | ১৬৮ | ১৭.৭৫ |
| ২ | ১৮১ | ২২৭ | ১৭২ | ৬২০ | ৯৪৪ | ১৮.০০ |
| ৩ | ১৬৮ | ২১২ | ৩৯০ | ৬২২ | ৯৪৫ | ৫১.০০ |
| ৪ | ১৬২ | ২০৪ | ২৯১ | ৫৪৯ | ৭৯১ | ২.৫০ |
| | | | | ৬১৯ | ৭৯৫ | ২৯.০০ |
| ৫ | ১৮১ | ২২৭ | ২৭২ | ৬২০ | ৯৪৪ | ১৮.০০ |
| সর্বমোট | | | | | | ১৭২.২৫ শতাংশ |

ভুমি এবং উক্ত ভুমির উপর অবস্থিত ৬৬৩৬ বর্গফুট পরিমিত ৩ তলা পাজা ইমারত, ১৫৪৯৮ বর্গফুট পরিমিত ২ তলা বিশিষ্ট ফ্যাক্টরি শেড এবং ২৬৭৪৬ বর্গফুট পরিমিত পাকা স্ট্রাকচারসহ ভবিষ্যতে নির্মিতন্য যাবতীয় অবকাঠামোময় গাছপালা বাউন্ডারী ওয়াল ইত্যাদি সবই তফসিল বর্নিত সম্পত্তি বটে, যাহাদের নামজারী ও জমাভাগ খতিয়ান নং-৭৮৮, কেইস নং-১৬৬৫/২০০৬-২০০৭, তাং-১৪/০৩/২০০৭ ইং, জোত নং-৮১১, নামজারী ও জমাভাগ খিতয়ান নং-৯২৭, কেইস নং-১৯৪৩/২০০৮-২০০৯, তাং-১২/০২/২০০৯ ইং, জোত নং-৯২৬, নামজারী ও জমাভাগ খতিয়ান নং-৭৮৯, কেইস নং-১৯৯৪/২০০৬-২০০৭, তারিখ-২৭/০৫/২০০৭ ইং, জোত নং-৮১২, নামজারী ও জমাভাগ খতিয়ান নং-১০১৫, কেইস নং-০৪/২০১০-২০১১, তারিখ-২৫/০৭/২০১০ ইং, জোত নং-১০১৫ এবং নামজারী ও জমাভাগ খতিয়ান নং-১২৪১, কেইস নং-৬১১০/২০১১-২০১২, তারিখ-২১/০৬/২০১২ ইং, জোত নং-১২৪০। যাহার চৌহদ্দি-উত্তরে-আর.আর.স্টীল মিলস, দক্ষিনে-দুপ্তারা বাজার রোড, পুর্বে-ফকির ফ্যাশন এবং পশ্চিমে-আর.আর.স্টীল মিলস।

**সহকারী মহাব্যবস্থাপক ও শাখা প্রধান**
বংশাল শাখা, ঢাকা। ০১৭১২৮৫৫৫৫৫

দৈনিক জনকণ্ঠ ও দৈনিক যুগের চিন্তা
প্রকাশ তারিখ- ১১/০৭/২০২৫